

তুমি আসবে

❖ রজন্য নাথ।

তুমি আসবে,

সাদা মেঘের ভেলা ভাসিয়ে নীল আকাশে,

তুমি আসবে,

কুয়াশা-সিক্ত শিউলির গন্ধ ছড়িয়ে শীতল বাতাসে ।

তুমি আসবে,

গাঁয়ের মেঠো পথ ধরে ,

রাঙিয়ে মাঠের সোনালী ফসল,

তুমি আসবে,

ছুঁয়ে যেতে দীনদুঃখীর কুঁড়েঘর ।

তুমি আসবে,

তাইতো আজ দুঃস্থ ছেলেটা পরেছে নতুন জামা,

তুমি আসবে,

তাইতো আলো জ্বলেছে কত অন্ধকারে

শত অভাব কে করে আজ মানা ।

তুমি আসবে,

তাই আজ মিলিয়েছে সবাই হাতে হাত,

তুমি এসে মিটিয়ে দেবে ,

সব হিংসা-বিদ্বেষ-বাদ-বিবাদ ।

তুমি আসবে,

বুলিয়ে দেবে হাত, শান্ত হবে কত মাথা,

গরীবরা খাবে দুমুঠো, ঘুচবে তাদের সব ব্যাথা ।

তুমি আসবে,

তাই বলে দিন গুনে বসে আছি প্রতীক্ষায়,

তুমি চলে গেলে,

আবার আসবে জেনে থাকি অপেক্ষায় ।

* * * *